রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন ২০১২ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২১৯-আইন/আয়কর/২০১২।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984), অত:পর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং এতদ্‌বিষয়ে অত্র বিভাগের ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২১৯-আইন/আয়কর/২০১১ রহিতক্রমে সরকার, The Bangladesh Export Processing Zones Authority Act, 1980 (Act No. XXXVI of 1980) এর section 10 এর অধীন ঘোষিত Export Processing Zone বা বাংলাদেশ বেসরকারি রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল আইন, ১৯৯৬ (১৯৯৬ সালের ২০ নং আইন) এর ধারা ১১ এর অধীন ঘোষিত যে কোন রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল এ ১ জানুয়ারি, ২০১২ খ্রি: তারিখে বা তৎপরবর্তীতে স্থাপিত যে কোন শিল্প হইতে উদ্ভূত আয়কে নিম্নবর্ণিত হারে ও শর্তে আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা ঃ—

(ক) ঢাকা ও চট্টগ্রাম বিভাগ (বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি জেলা ব্যতীত) এ স্থাপিত হইলে—

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম দুই বৎসর (প্রথম ও দ্বিতীয় বৎসর)	১০০%
পরবর্তী দুই বৎসর (তৃতীয় ও চতুর্থ বৎসর)	৫০%
পরবর্তী এক বৎসর (পঞ্চম বৎসর)	২৫%;

মূল্য ঃ টাকা ৪.০০

www.goldenbusinessbd.com GOLDEN BANGLADESH

(খ) উপ-দফা (ক) এ উল্লিখিত বিভাগ ব্যতীত অন্যান্য বিভাগ এ বা বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি জেলায় স্থাপিত হইলে—

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম তিন বৎসর (প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বৎসর)	১০০%
পরবর্তী দুই বৎসর (চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ বৎসর)	৫০%
পরবর্তী এক বছর (সপ্তম বৎসর)	২৫%;

(গ) উপরি-উল্লিখিত শিল্প প্রতিষ্ঠানকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ বর্ণিত নির্ধারিত সময়ে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

২। এই বিধান ১ জানুয়ারি, ২০১২ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ মোঃ আমিনুল করিম
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

www.goldenbusinessbd.com
GOLDEN BANGLADESH